

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

প্রশাসন-৪ শাখা

শেরে বাংলা নগর, ঢাকা


জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের অংশ হিসেবে মুজিব কর্নার স্থাপনসহ
অর্থনৈতিক সম্পর্ক বিভাগের নিজস্ব কর্মসূচি বাস্তবায়ন কমিটির ফলোআপ সভার কার্যবিবরণী

সভাপতি : ড. গৌরাঙ্গ চন্দ্র মোহান্ত, এনডিসি
অতিরিক্ত সচিব (ইউরোপ অনুবিভাগ)
সভার তারিখ ও সময় : ০৯ ডিসেম্বর, ২০২০ খ্রি; সকাল: ১০:০০ টা
সভার স্থান : ইউরোপ অনুবিভাগের সভাকক্ষ
উপস্থিত কর্মকর্তার তালিকা : সংযোজনী-ক

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের অংশ হিসেবে “মুজিব কর্নার” স্থাপন কর্মসূচি বাস্তবায়নের প্রস্তুতিমূলক সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উল্লেখ করেন যে, কোভিড পরিস্থিতির কারণে মুজিব কর্নার স্থাপন পিছিয়ে গিয়েছে। তবে ইতিমধ্যে মুজিব কর্নারের জন্য একটি খসড়া ডিজাইন করা হয়েছে যা সচিব মহোদয় অনুমোদন করেছেন। এ প্রেক্ষাপটে আমাদের সকলকে দ্রুততম সময়ে এ কাজ সম্পন্ন করতে হবে। অতঃপর সভার উপস্থিত সদস্যগণের মতামতের আলোকে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

১. সচিব মহোদয়ের অফিস কক্ষের পাশে মুজিব কর্নার স্থাপন করা হবে।
২. উক্ত কক্ষের চারদিকের দেয়ালে ইন্টেরিয়র ডিজাইন প্যানেল ও লাইটিং এর মাধ্যমে বঙ্গবন্ধুর ছবিসমূহ প্রদর্শন করা হবে।
৩. বুক সেলফ তৈরি করে কক্ষে স্থাপন করা আবশ্যিক।
৪. উপস্থিত আর্কিটেকট এর মতামত অনুসারে মুজিব কর্নারের জন্য আনুমানিক ৪/৫ লক্ষ টাকার প্রয়োজন হবে।
৫. বাজেট বরাদ্দ ও অন্যান্য কাজের জন্য প্রশাসন অনুবিভাগকে পত্র দেয়ার সিদ্ধান্ত হয়।
৬. কমিটির সদস্য জনাব কাজী আরেফীন রেজওয়ান, সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৪ শাখা, এর আহ্বায়কত্বে জনাব মেহেদী হাসান, প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন-৪ শাখা, ও জনাব মো: জালাল হোসেন, স্টাফ মুদ্রাক্ষরিক কাম-কম্পি: অপারেটর, প্রশাসন-৩ শাখা-কে নিয়ে মুজিব কর্নার কর্ম পরিকল্পনা বাস্তবায়ন উপ-কমিটি গঠন করা হলো।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


ড. গৌরাঙ্গ চন্দ্র মোহান্ত এনডিসি
অতিরিক্ত সচিব


ও

সভাপতি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে মুজিব কর্নার স্থাপনসহ
অর্থনৈতিক সম্পর্ক বিভাগের
নিজস্ব কর্মসূচি বাস্তবায়ন কমিটি

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অনুবিভাগ প্রধান (সকল), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
২. জনাব মো: শাহরিয়ার কাদের ছিদ্দিকী, যুগ্ম-সচিব (অনুবিভাগ প্রধান, এশিয়া, জেইসি ও এফএন্ডএফ), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৩. জনাব আবদুল বাকী, যুগ্মসচিব (এডিবি অনুবিভাগে সংযুক্ত), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৪. জনাব একেএম শাহাবুদ্দিন, যুগ্মসচিব (মধ্যপ্রাচ্য অধিশাখা), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৫. মিজ্ মোসলেমা নাজনীন, উপসচিব (ইউরোপ- ২ অধিশাখা), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৬. জনাব পরিমল সরকার, উপসচিব (এডিবি-১ অধিঃ) অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৭. ড. দেলোয়ার হোসেন, উপপ্রধান (বিশ্বব্যাংক-৪ অধিঃ) অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৮. মিজ্ আফরিনা ইসলাম, উপসচিব (বিশ্বব্যাংক-৬ অধিঃ), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৯. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, শেরে বাংলানগর, ঢাকা (দৃঃ আঃ উপ বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত উপ বিভাগ-৩)
১০. জনাব এ কে এম রেজাউর রহমান, সিনিয়র সহকারী সচিব (ইউরোপ-৬ শাখা), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
১১. জনাব কাজী আরেফীন রেজওয়ান, সিনিয়র সহকারী সচিব, (প্রশাসন- ৪ শাখা), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
১২. মিজ্ ফারজানা ফেরদৌস জামান, সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৫ শাখা), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
১৩. সচিবের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
১৪. জনাব সাকিব বিশ্বাস, সিনিয়র প্রোগ্রামার, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
১৫. যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
১৬. জনাব মোহন কুমার সাহা, ক্যাটালগার, আরডক, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
১৭. অফিস কপি


(জাহিদ হোসেন মুন্সী) ০৯/১২/২০২০
যুগ্ম-সচিব (প্রশাসন)

ও

সদস্য সচিব

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে মুজিব কর্নার স্থাপনসহ
অর্থনৈতিক সম্পর্ক বিভাগের
নিজস্ব কর্মসূচি বাস্তবায়ন কমিটি